[redacted]

[redacted] [redacted] (a [redacted]) [redacted] [redacted] -[redacted]-[redacted] [redacted] [redacted] [

মালয়েশিয়ার নাগরিকদের পত্নী এবং তাদের সন্তানদের পাশাপাশি তিনটি দেশের শিক্ষার্থী যারা মালয়েশিয়ায় ফিরে আসতে চেয়েছিল তাদেরও নিষেধাজ্ঞা ছিল।

এদিকে ইসমাইল সাবরি বলেছেন, উচ্চ ঝুঁকিপূর্ণ দেশ থেকে মালয়েশিয়ানদের দেশে ফিরতে দেওয়ার ক্ষেত্রে সরকারের কোনও সমস্যা নেই। তবে মানক অপারেটিং পদ্ধতিতে (এসওপি) নির্ধারিত ১৪ দিনের বাধ্যতামূলক কোয়ারেন্টাইনে থাকতে হবে তাদের।

নতুন এ সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে তিনি বলেন, কোভিড-১৯ মহামারী মোকাবিলার জন্য জনগণ এসওপি-র অনুসরণ করে চলেছে তা নিশ্চিত করার জন্য এটি আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত পরিচালিত হবে।

সূত্র- বিডি প্রতিদিন

ঢাকা-৫ ও নওগাঁ-৬ আসনের তফসিল ঘোষণা

ঢাকা-৫ ও নওগাঁ-৬ আসনের উপ-নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। আজ বৃহস্পতিবার তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন (ইসি)।

গত ৬ মে বার্ধক্যজনিত কারণে হাবিবুর রহমান মোল্লা মারা গেলে ঢাকা-৫ আসনটি শূন্য হয়। এ আসনে ভোট করার শেষ সময় ১ নভেম্বর।

এছাড়া গত ২৭ জুলাই নওগাঁ-৬ আসনের সংসদ সদস্য ইসরাফিল আলম করোনা আক্রান্ত হয়ে মারা যান। ফলে আসনটি শূন্য হয়। সে অনুযায়ী ৯০ দিনের হিসাবে ২৪ অক্টোবরের মধ্যে এই আসনে ভোট করার বাধ্যবাধকতা রয়েছে।

সূত্র- বিডি প্রতিদিন

গাংনীতে মা ও মেয়ের অনশনের চতুর্থ দিন-খোঁজ নিচ্ছেনা কেউ, চলছে নানা গুঞ্জন

গাংনী পৌর মেয়রের কাছে পাওনা টাকার দাবীতে অনশনরত মা মেয়র পাশে নেই তার পরামর্শ দাতাসহ প্রশাসনের লোকজন। অনশন ভাঙ্গাতে কেউ এগিয়ে আসেননি। আবার কেউ মধ্য¯থতার হাত বাড়িয়ে দেন নি চারদিন পেরিয়ে গেলেও। অনেকেই এ অনশনকে ব্যাক্তি কিংবা রাজনৈতিক ইস্যু বলে মন্তব্য করছেন। মা ও মেয়ের অনশনের চতুর্থ দিন । খোঁজ নিচ্ছেনা কেউ। টনক নড়েনি পৌর মেয়রের।

অনশনরত মৌমিতা খাতুন পলি জানান, গাংনী পৌরসভায় সহকারী কর আদায়কারী পদে নিয়োগের জন্য পৌর মেয়র আশরাফুল ইসলামের সাথে ১৫ লাখ টাকা প্রদান করা হয়। অথচ ২০১৮ সালে আমাকে নিয়োগ না দিয়ে অন্য একজনকে সহকারী কর আদায়কারী পদে নিয়োগ দেন মেয়র আশরাফুল। টাকা ফেরত চেয়ে বারবার তাগাদা দিলেও কোন কর্ণপাত না করায় গত ২০ আগষ্ট বৃহস্পতিবার অনশন করা হয়।

গাংনী থানার ওসির ডাকে সাড়া দিয়ে অনশন ভঙ্গ করা হয়। পরদিন থানায় এক সালিশিতে উপজেলা চেয়ারম্যান এম এ খালেকসহ পৌর কাউন্সিলরগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মেয়র আশরাফুল ইসলাম জানান, জমি কেনার জন্য পলির স্বামী মোমিন টাকা দিয়েছিলেন। চাকরির জন্য নয়। যেহেতু পলির স্বামী মোমিন টাকা দিয়েছিল তাকে ফেরত দিয়েছি। পরে এক বৈঠকে স্বামি মোমিন হাজির হলেও মেয়র অনুষ্ঠানে উপস্থিত হননি। বাধ্য হয়ে আবারো অনশন শুরু করা হয়।

একটি সুত্র জানায়, রাজনৈতিক সুবিধা নেয়ার জন্য এবং মেয়রকে খাটো করার জন্য পলি ও তার মাকে হাতিয়ার হিসেবে ব্যবহার করছে। যারা অনশনের পরামর্শ দিয়েছেন তারা এখন কোন খোঁজ রাখছেন না পলি ও তার মায়ের। ফলে চরম বিপাকে পড়েছেন দিন দিন দিশেহারা হয়ে পড়ছেন তারা।

অপর একটি সুত্র জানান, আশরাফুল ইসলামের প্রতিপক্ষের পরামর্শে পলি ও তার মা বারবার অনশন করছেন। ফলে মেয়র আশরাফুল ইসলাম আরো রাগান্বিত হয়েছেন। তাছাড়া পরের সম্পদ ও টাকার প্রতি আশরাফুল ইসলামের আকৃষ্ট হবার অভ্যাস অনেক আগের বলেও মন্তব্য অনেকের।

এদিকে অনশনরতদের বাহ্যিক ব্যবহারে অনেকেই নানা মন্তব্য করেছেন। ৪দিন ধরে অনশনে থাকলে অসুস্থ হবার কথা। কিন্তু তা হয়নি। মাঝে মধ্যে পলি শহীদ মিনার ছেড়ে ঘুরে বেড়াচ্ছেন আবার পলির মা হুশনিয়ারা বেগম বাড়ি গিয়ে সাংসারিক কাজ সেরে আনুষ্ঠানিক ভাবে বসছেন অনশনে।

বৃহস্পতিবার সকালে পলির মা হুসনিয়ারা বেগম অসুস্থ্য মনে করে পলি নিজেই স্থানীয় একটি ফার্মেসী থেকে স্যালাইন কিনে তার মায়ের শরীরে নিজেই পুশ করেছেন। সরেজমিনে দেখা গেছে, উপজেলা পরিষদ শহীদ মিনারে আমরণ অনশনের ব্যানার থাকলেও তারা বৃহস্পতিবার সকাল থেকে অনশনে রয়েছে উপজেলা পরিষদের একটি ঘরে। মৌমিতা খাতুন পলি ও তার বৃদ্ধ মা হুসনিয়ারা বেগমের অনশনের চিত্র দেখে বিভিন্ন শ্রেনী পেশার মানুষ বিদ্রুপাত্মক হাঁসি হাঁসছেন। প্রতক্ষদর্শীরা জানান, পলি ও তার মা অমরণ অনশনের ডাক দিলেও তাদের নাওয়া-খাওয়া সবই ঠিক ঠাক মত চলছে। তবে পলি বলছেন আমরা অনশন থেকে সরে দাঁড়াবোনা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ওবাইদুর রহমান জানান, অনশনের বিষয়টি জেনে। আমরা স্থানীয় ব্যক্তিবর্গ ও মেয়র সাহেবের সাথে বসেছিলাম। বিষয়টি অমীমাংসিত রয়ে গেছে। তবে এসব বিষয়ে আদালতের শরণাপন্ন হওয়া ছাড়া কোন উপায় দেখছি না। তিনি আরো জানান, অনশনরতদের যাতে কেউ সমস্যা না করতে পারে সে জন্য পুলিশ প্রহরার ব্যবস্থা নেয়া হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ জানান, অনশন ও টাকার বিষয়ে মেয়র বিভিন্ন পর্যায়ের নেতা ও প্রশাসনিক কর্মকর্তাকে বাইপাস করছে। বিষয়টি জেলা প্রশাসককে জানানো হয়েছে। তবে তিনি আরো জানান, টাকা পয়সা লেনদেনের বিষয়টি গাংনী পৌর মেয়রের সাথে অনশনকারিদের। তারা পৌর ভবন এলাকায় অনশনে না বসে উপজেলা পরিষদ চত্বরে অনশনের বিষয়টি দুঃখ জনক। আইনগত ব্যাবস্থা না নিয়ে অনশনের পরিকল্পনা করাটা যুক্তিযুক্ত কিনা সেটাও ভাবা দরকার ছিল তাদের। তবে তারা যেহেতু অনশনে রয়েছেন তাদের নিরাপত্তার জন্য পুলিশ তৎপর রয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

দৌলতপুরের এমপির ভাই নিহত হাসিনুর রহমানের মৃত্যুতে শোকসভা অনুষ্ঠিত

কুষ্টিয়ার দৌলতপুরে দুর্বৃত্তের হামলায় এমপির ভাই নিহত হাসিনুর রহমানের মৃত্যুতে শোকসভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ১১টায় দৌলতপুর উপজেলা পরিষদ মিলনায়তনে এই শোকসভা হয়।

দৌলতপুর উপজেলার আওয়ামী লীগের সহ-সভাপতি মঈন উদ্দিন মোহনের সভাপতিত্বে শোক সভায় স্থানীয় সাংসদ সরোয়ার জাহান বাদশা হত্যার মদদদাতা ও রাজনৈতিক পরিকল্পনাকারীদের চিহ্নিত করে তাদের আইনের আওতায় আনার দাবি জানান।

নিহত হাসিনুর সাংসদ সরোয়ার জাহান বাদশার ফুফাতো ভাই।

সভায় আরও বক্তব্য রাখেন ভেড়ামারা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান আক্তারুজ্জামান মিঠু, মিরপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামারুল আরেফিন, দৌলতপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সাক্কির আহমেদ, মহিলা ভাইস চেয়ারম্যান সোনালী খাতুন আলেয়া, দৌলতপুর কলেজের অধ্যক্ষ ছাদিকুজ্জামান খান সুমন, মুক্তিযোদ্ধা হায়দার আলী, দৌলতপুর কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক সরকার আমিরুল ইসলাম, দৌলতপুর স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক ইউপি চেয়ারম্যান শাহ আলমগীর, সাবেক ছাত্রলীগের সভাপতি সরদার আতিয়ার রহমান আতিক, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক আব্দুল কাদের, ওরুশ কবিরাজ, যুবলীগ নেতা ওয়াসিম কবিরাজসহ অওয়ামী লীগ দলীয় নেতৃবৃন্দ।

প্রসঙ্গত, গত ২৯ আগস্ট একই এলাকার চা দোকানি মজিবর রহমান বয়াতি রামদা দিয়ে কুপিয়ে হত্যা করে হাসিনুরকে। খবর পেয়ে পুলিশ মজিবরকে নিজ বাড়ি থেকে আটক করে। পরে মজিবর কুষ্টিয়ার আদালতে স্বীকারেক্তিমূলক জবানবন্দী দেন।

জবানবন্দীতে তিনি বলেন, তার ছেলেকে ২০১৯ সালের কোরবানির ঈদে সন্ধ্যায় হত্যা করে হাসিনুরের লোকজন। পরে তিনি আদালতে মামলা করেন। আদালতের নির্দেশে মামলাটি থানায় নথিভুক্ত হয়।

[redacted]

[redacted]

গাংনীতে কাঁচা মরিচের দাম আকাশচুম্বি, ক্রেতাদের নাভিশ্বাস!

ক্রমেই অস্থিতিশীল হয়ে উঠছে কাঁচা মরিচের বাজার। গত এক সপ্তাহের ব্যবধানে গাংনীতে খুচরা বাজারে মরিচের দাম বেড়েছে কেজিতে ৩০ টাকা। বর্তমানে খুচরা বিক্রি হচ্ছে ২৪০ টাকা থেকে ২৫০ টাকা। তবে আড়তে কৃষকরা তাদের উৎপাদিত মরিচ বিক্রি করছে ১৭০ টাকা কেজি।

এতে মধ্য স্বত্বভোগী আড়তদার ও ব্যবসায়িরা লাভবান হচ্ছেন। এদিকে দেশের বাজারে কাঁচামরিচের সরবরাহ স্বাভাবিক এবং দাম নাগালের মধ্যে রাখতে বাজারে ◌্এলসি কাঁচামরিচ আমদানী করা হবে বলে জানিয়েছেন ব্যবসায়িরা। ব্যাবসায়ী ও উৎপাদনকারীরা হাঁসিতে ভাসলেও মরিচের ঝালে চোখ মুছতে হচ্ছে ক্রেতাদের।

গাংনী উপজেলা কৃষি অফিস সুত্রে জানা গেছে, চলীত মৌসুমে উপজেলায় দেড় হাজার হেক্টর জমিতে কাঁচা মরিচের চাষ করা হয়। অনুকুল আবহাওয়া আর ভাল দাম পাওয়ায় চাষিরা মরিচ চাষের উপর ঝুঁকে পড়েছে। আগামীতে আরো বেশী চাষ করার প্রস্তুতিও নিয়েছেন কৃষকরা। চলতি মৌসুমে চাষিরা তাদের উৎপাদিত মরিচ বিভিন্ন আড়তে কেজি প্রতি বিক্রি করছেন ১৭০ টাকা থেকে ১৮০ টাকা।

আর সেই মরিচ খুচরা ব্যবসায়িদের কাছে বিক্রি করা হচ্ছে ১৮৫ টাকা। ব্যবসায়িরা বিভিন্ন হাটে বাজারে সাধারণ ক্রেতাদের কাছে মরিচ বিক্রি করছেন ২৪০ টাকা থেকে ২৫০ টাকায়। গত শনিবার গাংনী ও সোমবার বামন্দী আড়তে চাষিরা মরিচ বিক্রি করেন কেজি প্রতি ২১০ টাকায়। এলসি মরিচ আমদানীর আভাস পেয়ে আড়তে চাষিদেরকে মরিচের দাম কেজি প্রতি দেয়া হয় ১৮০ টাকা।

গাংনীর জোড়পুকুর গ্রামের মরিচ চাষি খোকন জানান, তিনি চলতি মৌসুমে ৫ বিঘা জমিতে মরিচ চাষ করেছেন। গেল বছর আড়াই বিঘা জমিতে মরিচ চাষ করছিলেন। মরিচের দাম বৃদ্ধি পাওয়ায় তিনি বেশ খুশি। তবে এলসি মরিচ বাজারে আসলে দাম অস্বাভাবিক ভাবে কমে যেতে পারে বলে

আশঙ্কা করছেন তিনি। সোমবার কেজি প্রতি ৩০ টাকা কম পেয়েছেন আড়তে মরিচ বিক্রি করে। এতে মরিচ বিক্রি করে উৎপাদন খরচ উঠবেনা বলেও জানান এই চাষি। একই কথা জানান সাহারবাটি গ্রামের মরিচ চাষি হিটু মিয়া ।

গাংনীর কাচা বাজারের আড়ৎদার রিপন আলী জানান, প্রতিদিন জেলার বিভিন্ন আড়ৎ থেকে ৫০ টনের অধিক কাঁচা মরিচ রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে রপ্তানী করা হয়। চাষিরা আড়তে মরিচ বিক্রি করছেন এবং ভাল দাম পাচ্ছেন। আড়ৎদাররাও বেশ লাভবান হচ্ছেন। তবে বাজারে কাঁচামরিচের সরবরাহ স্বাভাবিক এবং দাম নাগালের মধ্যে রাখতে বাজারে ◌্এলসি কাঁচামরিচ আমদানী করা হবে বলেও জানান তিনি।

গাংনীর হ্যাপি নাইচ কাচাবাজারের স্বত্ত্বাধিকারী আব্দুস সামাদ জানান, এলসি মরিচ আমদানী করার সময় চাপে নষ্ট হয়ে যায়। আমদানী খরচ উঠাতে বেশি দামে বিক্রি করতে হয় অনেক সময়। এতে বাজারে মরিচের দাম আগের মতোই থাকতে পারে। তবে খুচরা বাজারের ব্যবসায়িরা সিন্ডিকেট করে দাম বৃদ্ধি করে। এক্ষেত্রে বাজার মনিটরিং করা প্রয়োজন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ জানান, বাজারের দাম স্থীতিশীল রাখতে নিয়মিত মনিটরিং করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

গাংনী উপজেলা কৃষি অফিসারকে কে এম শাহাবুদ্দীন আহমেদ জানান, চাষিরা তাদের উৎপাদিত মরিচের দাম পাওয়ায় অনেকেই আগ্রহী হয়ে উঠেছে মরিচ চাষে। তবে এলসি মরিচ বাজারে আসলে চাষিদের মাঝে কোন প্রভাব পড়বে না।

যে কারণে ভারতে তোপের মুখে ফেসবুক

ভারতে ফেসবুক কোন বিশেষ রাজনৈতিক দলের প্রতি পক্ষপাত দেখাচ্ছে এবং ঘৃণা ও বিদ্বেষমূলক প্রচারণায় সহায়তা করছে বলে যে অভিযোগ উঠেছে, সেজন্যে ফেসবুকের শীর্ষ নির্বাহীদের বুধবার এক পার্লামেন্টারি কমিটির সামনে এসে তার জবাবদিহি করতে হচ্ছে।

ক্ষমতাসীন ভারতীয় জনতা পার্টি (বিজেপি) ঘৃণা এবং বিদ্বেষমূলক প্রচারণার বিষয়ে ফেসবুকের নিয়মনীতি লঙ্ঘন করে গেলেও ফেসবুক বিজেপির বিরুদ্ধে কোন ব্যবস্থাই নিচ্ছে না বলে অভিযোগ করা হচ্ছে।

তবে ভারতে ফেসবুকের বিরুদ্ধে বিজেপি পাল্টা অভিযোগ করে বলছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধ পক্ষের প্রতি ফেসবুক পক্ষপাত দেখাচ্ছে। ফেসবুক দুই তরফ থেকে আসা অভিযোগই অস্বীকার করেছে।

এই অভিযোগ এবং পাল্টা অভিযোগের মধ্যে পড়ে ভারতে ফেসবুক বেশ বিপাকে আছে । ভারতে ফেসবুকের ব্যবহারকারী প্রায় ৩০ কোটি। তাদের মালিকানাধীন হোয়াটসঅ্যাপের ব্যবহারকারী আরও বেশি, ৪০ কোটি। কাজেই বলা যেতে পারে এই সোশ্যাল মিডিয়া কোম্পানির জন্য ভারত হচ্ছে বিশ্বের সবচেয়ে বড় বাজার।

ফেসবুকের বিরুদ্ধে এই অভিযোগের কথা প্রথম ফাঁস হয় যুক্তরাষ্ট্রের ওয়াল স্ট্রিট জার্নালে প্রকাশিত এক রিপোর্টে। তবে ফেসবুক দাবি করছে, তারা তাদের প্ল্যাটফর্মে ঘৃণা-বিদ্বেষ প্রচারের কোন সুযোগ দেয় না।

বিবিসিকে এক ইমেইলে ফেসবুক এ প্রসঙ্গে জানিয়েছে, “যে ধরণের কথা ঘৃণা-বিদ্বেষ ছড়ায় বা সহিংসতায় উস্কানি দেয়, আমরা সেসব কথা নিষিদ্ধ করেছি। আমাদের এই নীতি কার্যকর আছে গোটা বিশ্বেই। কার কি রাজনৈতিক অবস্থান বা কোন দলের সঙ্গে সম্পর্ক, সেগুলো বিবেচনা না করেই আমরা এই নীতি প্রয়োগ করি।”

কিন্তু ওয়াল স্ট্রিট জার্নালের এক অনুসন্ধানী রিপোর্টের পর ভারতে ফেসবুকের ভূমিকা নিয়ে ব্যাপক বিতর্ক তৈরি হয়। এই বিতর্কের পটভূমিতেই আজ পার্লামেন্টারি কমিটির সামনে ফেসবুকের নির্বাহীদের তলব করা হয়েছে। ভারতে ফেসবুকের ‘হেড অব বিজনেস’ অজিত মোহান আজ ৩০ সদস্যের পার্লামেন্টারি কমিটির সামনে হাজির হবেন বলে আশা করা হচ্ছে।

এই কমিটিতে ভারতের সব রাজনৈতিক দলের এমপিরাই আছেন। তবে এটির প্রধান হচ্ছেন বিরোধী দল কংগ্রেসের একজন স্পষ্টভাষী এমপি শশী থারুর। পার্লামেন্টারি কমিটির শুনানি হবে রুদ্ধদ্বার বৈঠকে। সেখানে ‘নাগরিকদের অধিকারের সুরক্ষা’ এবং ‘সোশ্যাল/অনলাইন সংবাদ মাধ্যমের’ ব্যাপারে ফেসবুকের নীতি নিয়ে কথাবার্তা হবে।

কেন রিয়ার সমর্থনে সরব তাপসী পান্নু ও বিদ্যা বালান?

সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর তদন্ত নিয়ে চলছে জোর পানি ঘোলা। ঘটনার তদন্ত করছে সিবিআই। সুশান্তের ভক্তরা সুবিচার পাওয়ার দাবিতে সরব রয়েছেন। কিন্তু অন্যদিকে বলিউডের কয়েকজন অভিনেত্রী রিয়া চক্রবর্তীর অবস্থান নিয়ে সরব হয়েছেন।

রিয়া চক্রবর্তী এই ঘটনার মূল অভিযুক্ত কিনা যতক্ষণ না পর্যন্ত তিনি দোষী প্রমাণিত হচ্ছেন ততক্ষণ সবকিছুই তদন্ত সাপেক্ষ। কিন্তু তার আগেই মিডিয়া তাকে দোষী সাব্যস্ত করে দিয়েছে বলে দাবি বলিউডের কয়েকজন অভিনেত্রীদের। এ বিষয়ে সরব হয়েছেন তাপসী পান্নু, বিদ্যা বালান এবং লক্ষী মাঞ্চু।

লক্ষী একটি টুইট করেন, রাজদীপ সরদেসাইয়ের সঙ্গে রিয়া চক্রবর্তীর পুরো সাক্ষাৎকারটি দেখলাম। মিডিয়া রিয়াকে দৈত্যের মতো রূপ দিয়ে দিয়েছে। আর তাই বেশিরভাগ মানুষ চুপ করে আছেন। আমি সত্যিটা জানিনা। আমি সত্যিটা জানতে চাই এবং আশাকরি সত্যিটা সামনে আসবে খুব স্পষ্টভাবে। আইনের উপর আমার সম্পূর্ণ ভরসা আছে। এবং যে সকল সংস্থা তদন্ত করছে তাদের উপরে ভরসা আছে। কিন্তু যতক্ষণ না প্রমাণিত হচ্ছে ততক্ষণ কি এই নৃশংস ব্যবহার এবং একজনের পরিবারের উপর এই রকম লিঞ্চিং আমরা বন্ধ রাখতে পারি না?

তিনি আরও বলেন, এই মিডিয়ার জন্য গোটা পরিবারের উপর যে যন্ত্রনা যাচ্ছে আমি তা কল্পনা করতে পারছি। আমার সঙ্গে এরকম কিছু হলে আমি চাইতাম আমার সহকর্মীরা আমার পাশে দাঁড়াক। যতক্ষণ না পর্যন্ত রিয়া দোষী প্রমাণিত হচ্ছে ততক্ষণ এই কাজটি বন্ধ হোক। আমরা কেমন হয়ে গিয়েছি তা দেখে সত্যিই আমার কষ্ট হয়। আমরা কেমন যদি আমরা নিজেদের মনের কথাটা স্পষ্ট করে নাই বলতে পারি। আমি আমার সহকর্মীর পাশে আছি।

এরপরই বিদ্যা বালন টুইট করেন, সত্যি কথা স্পষ্ট বলার জন্য ঈশ্বর তোমার মঙ্গল করুক লক্ষী। খুব দুঃখজনক যে এমন একজন উজ্জ্বল অভিনেতা সুশান্ত সিং রাজপুতের মৃত্যুকে মিডিয়া সার্কাস তৈরি করা হয়েছে। একইসঙ্গে বলবো একজন নারী হিসেবে রিয়া চক্রবর্তীর অবস্থা দেখে আমার হৃদয় ভাঙছে। দোষী প্রমানিত হওয়া পর্যন্ততো একজন নির্দোষ হয়। নাকি নির্দোষ প্রমাণিত হওয়ার আগে পর্যন্ত একজনকে অপরাধী বলেই ভেবে নেওয়া হয়? একজন নাগরিকের সাংবিধানিক অধিকারকে সম্মান করুন।

অভিনেত্রী তাপসী পান্নু একটি টুইট করেন, সুশান্তকে আমি ব্যক্তিগতভাবে চিনতাম না। রিয়াকেও আমি চিনি না। কিন্তু আমি জানি যে আইন নিজের হাতে তুলে নিয়ে একজনকে, যিনি এখনো দোষী প্রমাণিত হন নি, তাকে অপরাধী বানানো ঠিক নয়। শান্তির জন্য নিজের দেশের আইনকে বিশ্বাস করুন।

সূত্র- বিডি-প্রতিদিন

পুরুষ জাতীয় দলের সমান বেতন পাবে ব্রাজিল নারী দলের ফুটবলাররা

ব্রাজিলের পুরুষ জাতীয় দলের মতো নারী জাতীয় দলের ফুটবলাররাও সমান বেতন পাবে বলে জানিয়েছে দেশটির ফুটবল সংস্থা (সিবিএফ)। সিবিএফ প্রেসিডেন্ট রোজারিও কাবোক্লো জানিয়েছেন, গত মার্চ থেকে এই ব্যবস্থা নেওয়া হয়েছিল।

নারী ও পুরুষ ফুটবল দলের মধ্যে খেলোয়াড়দের সমান পুরস্কার এবং দৈনিক ভাতা দেওয়ার চিন্তা করেছে সিবিএফ।

রোজারিও কাবোক্লো আরও জানান, একজন পুরুষ খেলোয়াড় জাতীয় দলে ডাক পাওয়ার পর যা কিছু পায় তার সমান পাবে নারী জাতীয় দলে ডাক পাওয়া ফুটবলাররাও।

এটা বিশ্বকাপ এবং অলিম্পিকের মতো আন্তর্জাতিক আসরে পারফর্ম্যান্সের ভিত্তিতে প্রযোজ্য হবে। ব্রাজিল দলে আর লিঙ্গ বৈষম্য থাকছে না। ব্রাজিলে পুরুষ ফু্টবলারদের যে চোখে দেখবে একই চোখে দেখবে নারী ফুটবলারদের সিবিএফ।

সূত্র- বিডি প্রতিদিন